



## বহুভাষিকতার ইউনিট (EFF)

- সরকারী ও বেসরকারী নিয়ন্ত্রিত উভয় শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রমের লক্ষ্যে
- মাতৃভাষা শিক্ষা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে, বিশেষায়িত বিদ্যালয়ের উভয় স্তরে
- বিদ্যালয়ের বিষয়গুলো মাতৃভাষায় শিক্ষা দান
- বিদ্যালয়ের সূচনালগ্নে মাতৃভাষায় সহায়তা
- মাতৃভাষায় শিক্ষার্থীর দক্ষতা মূল্যায়ন
- মাতৃভাষা বিষয়ে পরীক্ষা

Enheten för flerspråkighet

[flersprakighet@uppsala.se](mailto:flersprakighet@uppsala.se)

018-727 20 26



## মাতৃভাষা শিক্ষা (বাংলা/Bengali)



[flersprakighet.uppsala.se](http://flersprakighet.uppsala.se)



## কে মাতৃভাষা (বাংলা) বিষয়টি পড়তে পারবে?

(বিঃ দ্রঃ জাতীয় সংখ্যালঘু ভাষার ক্ষেত্রে প্রযোজ্য নয়)

শিক্ষার্থীর অভিভাবকদের যেকোনো একজনের মাতৃভাষা সুইডিশ ব্যতীত অন্য কোনো ভাষা হলে তাকে তার মাতৃভাষা শিক্ষার সুযোগ দেওয়া হবে যদি

- ১। ভাষাটি শিক্ষার্থী বাসায় নিত্যদিন ব্যবহার করে, এবং
- ২। শিক্ষার্থীর অবশ্যই ভাষাটি সম্পর্কে প্রাথমিক ধারণা থাকতে হবে।

শিক্ষার্থীকে অবশ্যই মাতৃভাষায় কথা বলতে ও বুঝতে হবে কারণ জাতীয় পাঠ্যক্রম অনুসরণ করেই মাতৃভাষায় শিক্ষাদান পর্ব চলবে।

### জাতীয় সংখ্যালঘু ভাষা

নিম্নোক্ত ভাষাগুলো সুইডেনের সংখ্যালঘু ভাষা হিসাবে স্বীকৃত, যথা ফিনিশ, মিয়েনকেলি, সন্সি, রোমানী ও ইয়েদিশ। এই ভাষাগুলো পড়ার জন্য শিক্ষার্থীকে সংখ্যালঘু গোষ্ঠীর অন্তর্ভুক্ত হতে হবে। শিক্ষার্থীকে বাসায় ভাষাটি বলার বা ভাষাটির প্রাথমিক ধারণা থাকার প্রয়োজন নেই। এর দুটি পাঠ্যক্রম রয়েছে এবং আবেদনপত্রটিতে শিক্ষার্থী পছন্দ করতে পারবে যে শিক্ষার্থী স্থানীয় ভাষাভাষী নাকি শিক্ষানবিস হিসাবে পড়বে।

## বহুভাষিকতার ইউনিট (EFF)

উপসালায় মাতৃভাষা শিক্ষার সমন্বয় করে।

### প্রাথমিক ধারণা

সংখ্যালঘু ভাষা ব্যতীত অন্য সব ভাষার ক্ষেত্রে প্রাথমিক ধারণা থাকা আবশ্যিক। শিক্ষক পাঠদান শুরু করার সাথে সাথে শিক্ষার্থীর প্রাথমিক ভাষা দক্ষতা মূল্যায়ন করেন। শুনে বুঝতে পারা এবং কথা বলার দক্ষতা উভয়ই মূল্যায়ন করা হয়। প্রাথমিক ধারণা/জ্ঞান কী তার তথ্য EFF (বহুভাষিকতার ইউনিট) এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

### কিভাবে আবেদন করতে হবে

শিক্ষার্থীর অভিভাবককে আবেদনটি করতে হবে। ফর্মগুলো বিদ্যালয়ে এবং EFF এর ওয়েবসাইটেও পাওয়া যায়। ফর্মটি পূরণ করে শিক্ষার্থীর বিদ্যালয়ে জমা দিন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবেদনপত্রটিকে অনুমোদন করে বিদ্যালয় সেটিকে ১৫ই জুনের পূর্বে EFF-এ প্রেরণ করবেন। বিলম্বে আসা আবেদনপত্র মাতৃভাষা শিক্ষার সুযোগকে নিশ্চিত করবে না।

## যেভাবে পাঠদানের ব্যবস্থা করা হয়

উপসালায় স্কুলের প্রতিদিনকার বাধ্যতামূলক সময়সূচীর বাইরে শিক্ষার্থীকে মাতৃভাষায় শিক্ষা দান করা হয়। এজন্য মাতৃভাষার ক্লাসগুলো দুপুরের পরে বা বিকেলে নেওয়া হয়ে থাকে। শিশু শ্রেণী (F-klass) থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীরা নিজ নিজ বিদ্যালয়ে পাঠ নিয়ে থাকে। ষষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীরা একটি নির্দেশিত বিদ্যালয়ে বিকেলে বা সন্ধ্যায় একত্রিত হয়ে পাঠ নেয়। শিক্ষার্থীর মাসিক বাসকার্ড না থাকলে মাতৃভাষার শিক্ষকরা বাসটিকিটের ব্যবস্থা করবে।

### অতিরিক্ত তথ্যের জন্য

আপনি উপসালাতে মাতৃভাষা শিক্ষার বিষয়ে আরও তথ্য পেতে পারেন EFF-এর ওয়েবসাইট থেকে।

[flersprakighet.uppsala.se](http://flersprakighet.uppsala.se)

